



এশীয় আন্তর্গণ্যবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতার সমাপ্তি

যাযাদি ডেস্ক

বাংলাদেশ-চীন মৈত্রী সঙ্ঘলন কেন্দ্রে মঙ্গলবার অনুষ্ঠিত ১৫তম অল এশিয়ান ইন্টার-ভার্সিটি ডিবেট চ্যাম্পিয়নশিপ ২০০৮-এর প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়েছে। এ সময় উপস্থিত ছিলেন শিক্ষা ও বাণিজ্য উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান, নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য ড. হাফিজ জি এ সিদ্দিকী, নর্থ সাউথ ইউনিভার্সিটি ফাউন্ডেশনের চেয়ারপারসন রেহানা রহমান এবং ডিবেট ক্লাব ফ্যাকাফি অ্যাডভাইজর নূশরত শারমিন হক। এশিয়ার ১২টি দেশের ৩৮টি ইউনিভার্সিটির প্রায় ৪৫০ প্রতিযোগী এতে অংশ নিয়েছে। বাংলাদেশের নর্থ সাউথ

ইউনিভার্সিটি দক্ষিণ এশিয়ার মধ্যে প্রথমবারের মতো এ সম্মানজনক প্রতিযোগিতার আয়োজন করে। প্রতিযোগিতায় ভারতের ব্যাঙ্গালোর ন্যাশনাল ল স্কুলের বি-১ দল চ্যাম্পিয়ন হয়। রানার্সআপ হয় একই কলেজের বি-৩ দল। পাবলিক স্পিকিং পর্বে ভারতের সিমবায়োসিস ল কলেজের রাহুল ডালোয়ার শ্রেষ্ঠ বিতর্কিক নির্বাচিত হন। অনুষ্ঠানে শিক্ষা উপদেষ্টা বলেন, বিতর্ক প্রতিযোগিতা শিক্ষার একটি অন্যতম বিষয়, যা তাদের ব্যক্তিত্ব ও তীক্ষ্ণ বুদ্ধিমত্তা বিকাশে সহায়তা করে। নর্থ সাউথ ইউনিভার্সিটির ডিসি অনুষ্ঠানটি আয়োজনে সন্তোষ প্রকাশ করে বলেন, এ ধরনের

অর্থনৈতিক সম্পর্ককে জোরদার করবে। এনএসইউ ফাউন্ডেশনের চেয়ারপারসন বলেন, এ ধরনের একটি আন্তর্জাতিক প্রতিযোগিতার সফল আয়োজনের মধ্যদিয়ে নর্থ সাউথ ইউনিভার্সিটি কেবল নিজেদেরই ইমেজ উজ্জ্বল করেনি, তা সমগ্র জাতির ইমেজ উজ্জ্বল করেছে। অনুষ্ঠানটি আয়োজনে সার্বিক সহযোগিতা করে প্রাইম ব্যাংক লিমিটেড, সাউথ ইস্ট ব্যাংক লিমিটেড, এনসিসি ব্যাংক লিমিটেড, ব্র্যাক ব্যাংক লিমিটেড, রহিমআফরোজ, সিটি ব্যাংক, ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন, এসিআই লিমিটেড, মজো, এটিএন বাংলা, ডেইলি স্টার, প্রথম আলো